

## ঢাকা ওয়াসা

ক্রমিক নং-০১। সাঃপাঃশোঃ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত কর্মপরিকল্পনার কপি।

ক্রমিক নং-০২। কোটেশন আহবানের চিঠি।

ক্রমিক নং-০৩। ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশন।

ক্রমিক নং-০৪। দর বিশ্লেষণের কপি।

ক্রমিক নং-০৫। আলোচ্য সরবরাহ কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Supply and Installation of Motorized Roll-up Shutter Door at important infrastructures of Saidabad Water Treatment Plant.

১.০। ক্রমিক নং ০১ হতে ০৫ সদয় দেখা যেতে পারে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ একটি কেপিআই ভুক্ত প্রতিষ্ঠান। সায়েদাবাদ পানি শোধনাগার হতে প্রতিদিন প্রায় ২২.৫ কোটি লিটার পানি পরিশোধন করে ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ “র”ওয়াটার পরিবহন, “ট্রিটেড”ওয়াটার ট্রান্সমিশন ও প্ল্যান্টের অবকাঠামোসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত। উল্লেখ্য যে, সায়েদাবাদ পানি শোধনাগার পরিদর্শনে প্রায়ই বিভিন্ন দাতা সংস্থার প্রতিনিধিগণ আসেন। এছাড়াও আমাদের দেশের বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রী, গবেষক, শিক্ষাবিদ এবং শিক্ষকগণ শিক্ষা সফরে অত্র স্থাপনাটি পরিদর্শনে আসেন। তাই উল্লেখিত স্থাপনাটি পরিষ্কার পরিচ্ছন্ন ও দৃষ্টি নন্দন রাখা গুরুত্বপূর্ণ। উল্লেখ্য যে, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ২০০২ইং সালে উদ্বোধন করা হয়। ২০০২ইং সাল হতে প্রায় ২৩ বছর অতিবাহিত হলেও স্থাপনাগুলোতে ২৩ বছর পূর্বের দরজা বিদ্যমান। জেনারেটর বিল্ডিং, অপারেশন বিল্ডিং ও ওয়ার্কশপ বিল্ডিং এর দরজা আধুনিকায়ন করা প্রয়োজন। তাই উল্লেখিত স্থাপনাগুলোতে Motorized Roll-up Shutter Door স্থাপন করা হলে স্থাপনাগুলোর সৌন্দর্য বৃদ্ধি পাবে।

১.১। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনা বিষয়ভুক্ত ক্রয় কাজটি উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য সরবরাহ কাজটি বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-201 এবং প্যাকেজ নং- G-39 তে অন্তর্ভুক্ত রয়েছে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৭৮ ধারা অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PG-2a অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রয়কারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান; কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

১.২। আলোচ্য সরবরাহ কাজটি সম্পাদনের লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশন এর সর্বনিম্ন দর অনুযায়ী দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুত করা হল। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ দাড়িয়েছে সর্বমোট টাঃ ৯,৯৮,২১২.৫৩৫ (নয় লক্ষ আটানব্বই হাজার দুইশত বারো দশমিক পাঁচ তিন পাঁচ টাকা মাত্র) টাকা। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেটের Office Building Maintenance (কোড ০১-০৪-০০৭) হতে নির্বাহ করা যেতে পারে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে Supply and Installation of Motorized Roll-up Shutter Door at important infrastructures of Saidabad Water Treatment Plant শীর্ষক সরবরাহ কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৭৮ ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৯,৯৮,২১২.৫৩৫ (নয় লক্ষ আটানব্বই হাজার দুইশত বারো দশমিক পাঁচ তিন পাঁচ টাকা মাত্র) টাকার অনুমোদন।


গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় ২০২৫-২৬ইং অর্থ বছরের বাজেটের Office Building Maintenance (কোড ০১-০৪-০০৭) হতে নির্বাহের অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


  
সুব্রত কুমার দেব  
উপ-সহকারী প্রকৌশলী  
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)  
ঢাকা ওয়াসা

  
মোঃ মশিউর রহমান ভূঞা  
সহকারী প্রকৌশলী  
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)  
ঢাকা ওয়াসা।

  
রাজীব আহমেদ  
নির্বাহী প্রকৌশলী  
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)  
ঢাকা ওয়াসা।

  
মির্জা গোলাম কিবরিয়া  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।

  
SE (WSTP)

  
XEd (Maint.)